

2025

**BENGALI**

*(Discipline Specific Core)*

**Paper Name:** ঊনিশ শতকের বাংলা সাহিত্য পাঠ

**Paper Code:** BEN-DSC-142

*Full Marks: 60*

*Time: Two and Half Hours*

**(The figures in the margin indicate full marks for the questions)**

*Answer in Bengali*

১. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও - ১x৭=৭
- ক) ‘বীরঙ্গনা কাব্য’ গ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ?
- খ) শকুন্তলা কার আশ্রমে লালিত পালিত হয়েছিলেন ?
- গ) রাজা দুশ্মন্ত প্রদত্ত শকুন্তলার অভিজ্ঞানটি কোন নদীতে পড়ে গিয়েছিল ?
- ঘ) কোল মাসে নবকুমার গঙ্গাসাগরে গিয়েছিল ?
- ঙ) ‘কপালকুন্ডলা’ উপন্যাসের প্রথম খন্ডের প্রথম পরিচ্ছেদের নাম কি ?
- চ) অটলের স্ত্রীর নাম কি ?
- ছ) ‘সধবার একাদশী’ নাটকের প্রকাশকাল উল্লেখ করো।
২. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও - (যে কোনো চারটি) ২x৪=৮
- ক) “যে নিকুঞ্জে ফুলশয্যা সাজাইয়া সাথে সেবিল চরণ দাসী কানন-বাসরে,”-  
এখানে দাসী বলতে কাকে বোঝানো হয়েছে ? তিনি কার চরণসেবা করেছিলেন ?
- খ) প্রবীর কে ? তাকে কে হত্যা করেছিলেন ?
- গ) শকুন্তলার দুজন সখীর নাম লেখো।

- ঘ) ‘পথিক তুমি পথ হারাইয়াছ’- ‘কপালকুন্ডলা’ উপন্যাসে কে, কাকে উদ্দেশ্য করে মন্তব্যটি করেছিলেন ?
- ঙ) ‘এর চেয়ে বিশ্বা হয়ে থাকা ভালো,’- কে, কাকে কথাটি বলেছে ?

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ (যে কোনো তিনটি) ৫x৩=১৫

- ক) ‘নীলধ্বজের প্রতি জনা’- পত্রটি বিশ্লেষণ করে জনার মাতৃত্ববোধের স্বরূপ নির্ণয় করো ।
- খ) “মহাশয় আমরা প্রিয়সখীর জন্মবৃত্তান্ত যে রূপ শুনিয়াছি, কহিতেছি”-  
উদ্ধৃতিটির বক্তা কে? বক্তার প্রিয়সখীর নাম কি? এই প্রিয়সখীর জন্মবৃত্তান্ত সংক্ষেপে বর্ণনা করো ।
- গ) ‘শকুন্তলা’ গ্রন্থের কাহিনীতে দুর্বাসার অভিশাপের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো ।
- ঘ) নবকুমার কীভাবে সহযাত্রীদের দ্বারা পরিত্যক্ত হয়েছিল বর্ণনা করো ।
- ঙ) ‘সধবার একাদশী’- নাটকের অটলবিহারী চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো ।

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ (যে কোনো তিনটি) ৩x১০=৩০

- ক) ‘বীরাঙ্গনা কাব্য’ অবলম্বনে জনার ক্রুদ্ধ, প্রতিবাদী ও অভিমानी স্বর কীভাবে ফুটে উঠেছে তা বিশদে আলোচনা করো ।
- খ) কোন ঘটনার মাধ্যমে, কী রূপে দুঃস্বপ্ন ও শকুন্তলার পুনর্মিলন হয় তা সবিস্তারে বর্ণনা করো ।
- গ) ‘কপালকুন্ডলা’ উপন্যাসের নবকুমার চরিত্র বিচার করো ।
- ঘ) ‘সধবার একাদশী’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো ।
- ঙ) ‘সধবার একাদশী’ নাটকে বর্ণিত তৎকালীন সমাজব্যাবস্থার পরিচয় দাও ।

\*\*\*\*\*